গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১৫ মার্চ ২০১৫, ১ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। খালেদা জিয়া আত্মসমর্পণ না করলে সরকার আদালতের নির্দেশ পালনে বাধ্য হবে : প্রধানমন্ত্রী
২। ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাথে বাণিজ্য বাড়াতে আগ্রহী বাংলাদেশ
৩। কমনওয়েলথভুক্ত দেশের উন্নয়নে অভিজ্ঞতা বিনিময় বাড়াতে হবে : স্পিকার
৪। শুরু হলো আন্তর্জাতিক নারী চলচ্চিত্র উৎসব
- সহিংসতা ঠেকাতে হাতিয়ার চলচ্চিত্র : তথ্যমন্ত্রী
৫। নির্বিঘ্নে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার পরিবেশ চেয়ে সারাদেশে কলেজে এক যোগে মানববন্ধন
৬। দেশে প্রায় ১৬ লাখ মানুষ নীরব অন্ধত্ব 'গ্লুকোমা'য় আক্রান্ত
৭। ভেজাল খাদ্যে বাড়ছে স্বাস্থ্য ঝুঁকি : বিশ্ব ভোক্তা অধিকার দিবস আজ
৮। সুন্দরবনে মোবাইল ফোনের নেটওয়ার্ক চালু
৯। মাতৃ ও শিশুমৃত্যু হ্রাসে বাংলাদেশের অভাবনীয় সাফল্য
১০। মতিঝিলে বহুতল বাণিজ্যিক ভবনে আগুন
১১। কারখানা সংস্কারে ব্যর্থ হলে অর্ডার বাতিল : অ্যাকর্ড-অ্যালায়েন্সের হুমকি
১২। বিচ্ছিন্ন হরতাল ও অবরোধের ৭০ দিনে আয় কমেছে ৫০ শতাংশ

চলমান পাতা/২

১। খালেদা জিয়া আত্মসমর্পণ না করলে সরকার আদালতের নির্দেশ পালনে বাধ্য হবে : প্রধানমন্ত্রী

বিএনপি'র সঙ্গে সংলাপের সম্ভাবনা আবারও নাকচ করে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি তিনি বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়াকে আদালতে আত্মসমর্পণের পরামর্শ দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'খালেদা জিয়ার বিরুদ্ধে সমন জারি হয়েছে। তিনি যেন কোর্টে গিয়ে আত্মসমর্পণ করেন। নইলে সরকার কোর্টের নির্দেশ পালনে বাধ্য হবে।' রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে গতকাল ১৪ মার্চ শনিবার পেশাজীবী মহাসমাবেশে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.৩)। ইত্তেফাক, সমকাল, জনকণ্ঠ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি অবজারভার, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাথে বাণিজ্য বাড়াতে আগ্রহী বাংলাদেশ

ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাথে ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন জোরদারের লক্ষ্যে ব্যবসা অবকাঠামো, অভিবাসন, শুল্ক সুবিধা, স্থল বন্দর স্থাপনসহ অন্যান্য ইস্যুতে বাংলাদেশ অগ্রাধিকারভিত্তিতে কাজ করতে আগ্রহী বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, ভারতের সাথে বাংলাদেশের চার হাজার ৯৬ কিলোমিটার স্থল সীমা রয়েছে এবং প্রাকৃতিকভাবেই বাংলাদেশ ভারতের উত্তর-পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ ব্যবসায়িক অংশীদার। শিল্পমন্ত্রী গতকাল ১৪ মার্চ শনিবার ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত দশম উত্তর-পূর্ব ব্যবসা সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতাকালে এ আগ্রহ প্রকাশ করেন। শিল্প মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.২), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৩), সংবাদ (পৃ.১৪,ক.৩)।

৩। কমনওয়েলথভুক্ত দেশের উন্নয়নে অভিজ্ঞতা বিনিময় বাড়াতে হবে : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ও কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) নির্বাহী কমিটির চেয়ারপার্সন শিরীন শারমিন চৌধুরী বলেছেন, কমনওয়েলথভুক্ত দেশগুলোর উন্নয়নে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় ও বাণিজ্যিক সম্পর্ক সম্প্রসারণের ক্ষেত্র তৈরি করতে হবে। একই সঙ্গে উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে সরকারের পাশাপাশি সাংসদদের অংশ নিতে হবে। গত ১৩ মার্চ শুক্রবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের বাংলাদেশ মিশনে এক অভ্যর্থনা অনুষ্ঠানে স্পিকার শিরীন শারমিন এ কথা বলেন। সংসদ সচিবালয় থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.১৭,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.২,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.৩), নিউজ টুডে (পৃ.৩,ক.৩)।

৪। শুরু হলো আন্তর্জাতিক নারী চলচ্চিত্র উৎসব

- সহিংসতা ঠেকাতে হাতিয়ার চলচ্চিত্র : তথ্যমন্ত্রী

'নারীর চোখে চলচ্চিত্র' স্লোগানে শুরু হয়েছে দ্বিতীয় আন্তর্জাতিক নারী চলচ্চিত্র উৎসব। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু চলমান সহিংসতার মদদদাতা সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে চলচ্চিত্র নির্মাতাদের এগিয়ে আসার আহ্বান জানান। গতকাল ১৪ মার্চ শনিবার রাজধানীতে কেন্দ্রীয় গণগ্রন্থাগার মিলনায়তনে সামিয়া জামানের 'আকাশ কত দূরে' চলচ্চিত্রের প্রদর্শনীর মধ্য দিয়ে চার দিনব্যাপী ফেয়ার অ্যান্ড লাভলী ফাউন্ডেশন দ্বিতীয় আন্তর্জাতিক নারী চলচ্চিত্র উৎসবের পর্দা ওঠে। এবার উৎসবে বাংলাদেশ, ভারত, চীন, ইরান, মেক্সিকো, যুক্তরাষ্ট্র, রাশিয়াসহ ৩০টি দেশের নারী নির্মাতাদের মোট ৭০টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.২), প্রথম আলো (পৃ.১৬,ক.৩), যায়যায়দিন (পৃ.২,ক.২)।

৫। নির্বিঘ্নে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার পরিবেশ চেয়ে সারাদেশে কলেজে এক যোগে মানববন্ধন

হরতাল-অবরোধের নামে সহিংসতা, বোমাবাজি ও প্রাণহানি বন্ধের দাবি এবং নির্বিঘ্নে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার পরিবেশ সৃষ্টির দাবিতে মানববন্ধন করেছেন সারাদেশের কলেজের শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীরা। একই দাবিতে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার কার্যালয়ের সামনেও মানববন্ধন পালন করেন বিভিন্ন কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা। জাতীয় বিশ্ববিদ্যালয়সহ সারাদেশে এর অধিভুক্ত ২ হাজার ১৫৪টি কলেজের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা একযোগে এই কর্মসূচি পালন করেন। গতকাল ১৪ মার্চ শনিবার সকাল ১১ থেকে পৌনে ১২টা পর্যন্ত সারাদেশে একযোগে শান্তিপূর্ণ মানববন্ধন অনুষ্ঠিত হয়। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.১)।

৬। দেশে প্রায় ১৬ লাখ মানুষ নীরব অন্ধত্ব 'গ্লুকোমা'য় আক্রান্ত

দেশে প্রায় ১৬ লাখ মানুষ নীরব অন্ধত্ব 'গ্লুকোমা'য় আক্রান্ত। নিয়মিত চোখ পরীক্ষা করার মাধ্যমে গ্লকোমা প্রতিহত করার আহ্বান জানিয়েছেন চক্ষু বিশেষজ্ঞরা। একই সঙ্গে গ্রাম্য চিকিৎসকদের দেওয়া ক্ষতিকর স্ট্ররয়েড ড্রপ পরিহার করার পরামর্শ দিয়ে তারা বলেন, গ্রাম্য চিকিৎসকরা না বুঝে চোখের কিছু হলেই এই ড্রপ দিয়ে থাকে। যা গ্লুকোমার জন্য দায়ী। গতকাল ১৪ মার্চ শনিবার রাজধানীর একটি হোটেলে বিশ্ব গ্লুকোমা সপ্তাহ-২০১৫ উপলক্ষে এক আলোচনা সভা ও সংবাদ সম্মেলনে তারা এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.৩,ক.৩), সমকাল (পৃ.১৯,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.৫,ক.১)।

৭। ভেজাল খাদ্যে বাড়ছে স্বাস্থ্য ঝুঁকি : বিশ্ব ভোক্তা অধিকার দিবস আজ

নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ও খাদ্যপণ্য কিনতে শঙ্কায় থাকেন না এমন ক্রেতা খুঁজে পাওয়া মুশকিল। পণ্য উৎপাদন প্রক্রিয়া থেকে শুরু করে ক্রেতার হাতে পণ্যসামগ্রী পৌঁছে দেওয়া পর্যন্ত বিভিন্ন পর্যায়ে মেশানো হচ্ছে কৃত্রিম রঙ ও নানা ভেজাল। পাশাপাশি বিক্রি হচ্ছে মেয়াদোত্তীর্ণ পণ্য। ফলে জনস্বাস্থ্য ঝুঁকি বাড়ছে। ভোক্তার অধিকার রক্ষায় নানা উদ্যোগ নেওয়া হলেও ভেজালের প্রতারণা থেকে নিস্তার মিলছে না ক্রেতার। ভেজাল ও প্রতারণা রোধে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে অভিযোগ করছেন অনেকেই। কিন্তু অতিলোভী অসাধু চক্রের তৎপরতা থেমে নেই। এমন বাস্তবতায় আজ ১৫ মার্চ বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালিত হচ্ছে। এবার এ দিবসের প্রতিপাদ্য 'স্বাস্থ্যকর খাদ্য ভোক্তার অধিকার'। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.১)।

৮। সুন্দরবনে মোবাইল ফোনের নেটওয়ার্ক চালু

বাংলাদেশের বৃহত্তম সংরক্ষিত বনাঞ্চল সুন্দরবনে মোবাইল ফোন নেটওয়ার্ক চালু হয়েছে। সরকারের মালিনাকানাধীন টেলিটক কোম্পানি বনের বিভিন্ন স্থানে ১১টি মোবাইল ফোন টাওয়ার স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এ নেটওয়ার্ক চালুর ফলে বন প্রশাসন পরিচালনা, জেলেদের মৎস্য আহরণ, মংলা বন্দর ব্যবহারকারী সমুদ্রগামী জাহাজের ক্রুদের কাজ এবং নৌ-বাহিনী ও কোস্ট গার্ডের নিরাপত্তা সুবিধা বৃদ্ধি পাবে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২)।

৯। মাতৃ ও শিশুমৃত্যু হ্রাসে বাংলাদেশের অভাবনীয় সাফল্য

মাতৃ ও শিশুমৃত্যু হ্রাসে অভাবনীয় সাফল্য পেয়েছে বাংলাদেশ। গর্ভবতী মা ও নবজাতক শিশুর মৃত্যু হ্রাসে জোরালো ভূমিকা রাখছে জাতীয় অণুপুষ্টি  উপাদানের (মাইক্রোনিউট্রিয়েন্ট) পর্যাপ্ত ব্যবহার। যা বিশ্বের সকল দেশের জন্য উদাহরণ হয়ে দাঁড়িয়েছে। আর বাংলাদেশের এ সাফল্য বিবেচনায় নিয়ে মা ও শিশু স্বাস্থ্যের ওপর বিশ্বস্বাস্থ্য সংস্থার বিদ্যমান গাইডলাইনের সংস্কার আনা দরকার বলে মনে করছেন বিশেষজ্ঞরা। গত ৯ মার্চ 'দ্য গার্ডিয়ানে' প্রকাশিত এক প্রতিবেদনে এমন তথ্য দেওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

১০। মতিঝিলে বহুতল বাণিজ্যিক ভবনে আগুন

রাজধানীর মতিঝিলের দিলকুশা এলাকায় একটি বহুতল বাণিজ্যিক ভবনে অগ্নিকাণ্ড ঘটেছে। গতকাল ১৪ মার্চ শনিবার বিকেলে লাগা এ আগুনে ভবনটির দোতলায় একটি প্রতিষ্ঠানের কার্যালয় সম্পূর্ণ পুড়ে যায়। ফায়ার সার্ভিসের ১০টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নেভানোর কাজ শুরু করে। গতকাল ১৪ মার্চ শনিবার রাত ১২টা পর্যন্ত প্রায় নয় ঘণ্টায় আগুন পুরোপুরি নেভানো যায়নি। আগুন নেভাতে গিয়ে ধোঁয়ায় অসুস্থ হয়ে পড়েন ফায়ার সার্ভিসের এক কর্মকর্তাসহ পাঁচজন। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), সংবাদ (পৃ.১,ক.৩), যুগান্তর (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

১১। কারখানা সংস্কারে ব্যর্থ হলে অর্ডার বাতিল : অ্যাকর্ড-অ্যালায়েন্সের হুমকি

গার্মেন্টস কারখানা পরিদর্শনের পর সমস্যা চিহ্নিত করে তা সংশোধনের সময়সীমা ঠিক করে দেওয়া হলেও অনেক কারখানা তা করছে না বলে মনে করছে অ্যাকর্ড ও অ্যালায়েন্স। যথাসময়ে কারখানার সংস্কার কাজ শেষ করতে ব্যর্থ হলে এসব কারখানার সঙ্গে ব্যবসা করবে না বলে হুমকি দিয়েছে ইউরোপ ও আমেরিকার ক্রেতাদের এ দুটি জোট। ইতোমধ্যে অ্যাকর্ডের পক্ষ থেকে বেশকিছু কারখানাকে চিঠি দিয়ে বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে। আর অ্যালায়েন্স এক বিবৃতিতে জানিয়েছে, সংস্কারের তাগিদ দেওয়ার পরও কারখানার নিরাপত্তা ব্যবস্থার মানের উন্নয়ন না হলে তাদের সাথে ব্যবসা বন্ধ করে দেওয়া হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩)।

১২। বিচ্ছিন্ন হরতাল ও অবরোধের ৭০ দিনে আয় কমেছে ৫০ শতাংশ

দেশে চলমান অবরোধ ও বিচ্ছিন্ন হরতালের প্রভাবে ৩৫ থেকে ৫০ শতাংশ আয় কমে গেছে নিম্ন আয় ও হতদরিদ্রদের। গতিহীন হয়ে পড়েছে তাদের পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ড। বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ডাকা দুই মাসেরও বেশি সময় (৭০ দিন) ধরে চলা অবরোধে স্থবির হয়ে পড়েছে জনজীবন। ব্যাহত হচ্ছে সব ধরনের যোগাযোগ ব্যবস্থা। ফলে দেওয়ালে পিঠ ঠেকে গেছে নিম্ন আয়ের মানুষের। অবরোধ নাশকতায় আয় কমে গেছে তাদের। এই সীমিত আয় দিয়ে সংসারের ব্যয় নির্বাহ তাদের পক্ষে দুরুহ ব্যাপারে পরিণত হয়েছে। রাজনৈতিক সহিংসতার বলি খেটে খাওয়া এসব মানুষগুলোর আশা সরকার, বিরোধী দল ও বিএনপি জোটের মধ্যে দ্রুত একটি সমঝোতা-যার মাধ্যম অবসান হবে এ পরিস্থিতির। সূত্র-সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, যুগান্তর, সমকাল, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, নিউ এজ : বিএনপি'র চেয়ারপার্সন খালেদা জিয়ার সংবাদ সম্মেলনে হরতাল-অবরোধ কর্মসূচি নিয়ে দেওয়া বক্তব্যকে অযৌক্তিক আখ্যায়িত করে বিএনপিকে বাস্তবতা উপলব্ধি করে সে অনুযায়ী দ্রুত ইতিবাচক রাজনৈতিক পদক্ষেপ নেওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক : মংলায় নির্মাণাধীন ভবন ধসের ঘটনার প্রেক্ষিতে কর্মস্থলে শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমে দুর্ঘটনাজনিত ক্ষয়ক্ষতি কমিয়ে আনার সুপারিশ;

গ. জনকণ্ঠ : প্রস্তাবিত এক্সক্লুসিভ ইকোনমিক জোনগুলোতে জার্মান ব্যবসায়ীদের বিনিয়োগের আগ্রহ বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে অবদান রাখবে বলে প্রত্যাশা;

ঘ. সংবাদ : বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সরকারি বিনিয়োগ পিছিয়ে পড়ার প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়নে আইএমইডিকে আরও বেশি জবাবদিহি করার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঙ. সমকাল : জামালপুরের বকশীগঞ্জের গোপালপুর কো-অপারেটিভ বালিকা বিদ্যালয়ের জমি দখলে জড়িত অপরাধীর শাস্তির ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

চ. ডেইলি স্টার : পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়নে সঠিক টাইমলাইন ঠিক করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : বিষাক্ত রাসায়নিক মিশ্রিত খাদ্য পণ্য থেকে জনগণকে সুরক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য বিধি ১৯৫৯ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : শিক্ষার্থীদেরকে গাইড বইয়ের প্রভাব থেকে রক্ষায় শ্রেণিকক্ষে যথাযথ পাঠদানের ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউজ টুডে : বিশ্বব্যাপী সমন্বিতভাবে শক্তিশালী কর্মপন্থা গ্রহণের দ্বারা সমাজ থেকে নারীদের প্রতি নির্যাতন কমিয়ে আনা সম্ভব বলে অভিমত;

ঞ. নিউ নেশন : তৈরি পোশাক খাতসহ অন্যান্য খাতের পণ্য রপ্তানি বাড়াতে সংঘাতের রাজনীতি পরিহার করে রপ্তানির অনুকূল পরিবেশ তৈরি করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে ভোক্তা অধিকার আদায়ে সচেতনতার অভাবে সাধারণ জনগণ অসাধু ব্যবসায়ী ও উৎপাদক কোম্পানিগুলোর বঞ্চনা ও কাঠামোর শিকার হচ্ছে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত ‘বিয়ের সঠিক বয়স : প্রয়োজন নাকি প্রহসন?’ শিরোনামের নিবন্ধে রওশন আরা লীনা যেখানে আইন-কানুন থাকা সত্ত্বেও নাবালক বিয়ের ঘটনা প্রতিনিয়ত ঘটে চলেছে সেখানে বিয়ের বয়স কমিয়ে কোনো সামাজিক সমস্যা এড়ানো যাবে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা